

B.A. Part III (General) Examination, 2021

বাংলা (সাধারণ)

চতুর্থ পত্র

সময় : ২ ঘণ্টা

পূর্ণ মান: ৫০

দক্ষিণ-প্রান্তস্থ মানগুলি প্রশ্নের পূর্ণমানের নির্দেশক।

যথাসম্ভব নিজের ভাষায় উত্তর দিতে হবে।

উত্তরপত্র সর্বাধিক তেরো পৃষ্ঠার মধ্যে সম্পূর্ণ করতে হবে

১। যে-কোনো চারটি প্রশ্নের উত্তর দাও :

৪X৫=২০

ক) কারখানার বিষাক্ত গ্যাস ও বর্জ্য পদার্থ কীভাবে তোমার এলাকার পরিবেশকে ক্রমেই দূষিত করে তুলছে সেকথা জানিয়ে দৈনিক পত্রের সম্পাদকের কাছে পত্রিকায় প্রকাশের উপযোগী একটি পত্র রচনা করো।

খ) পলিথিন ব্যাগ বিপদের অন্যতম কারণ - এ সম্পর্কে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

গ) ইংরেজিতে অনুবাদ করো :

এটা সত্য ভগিনী নিবেদিতা ভারতীয় ছিলেন না। এমনকি তিনি ভারতে জন্মগ্রহণও করেননি, তবু বর্তমান ভারতের নেত্রী স্থানীয়া মহিলাদের নাম উল্লেখ করতে গেলে তাঁর নাম না করে পারা যায় না।

ঘ) সম্পাদকীয় প্রতিবেদন কাকে বলে? প্রতিবেদককে কোন কোন বিষয়ে নজর দিতে হয়?

ঙ) অনুবাদ কাকে বলে? অনুবাদ কয় প্রকার ও কী কী? কোন ধরনের রচনার ক্ষেত্রে আক্ষরিক অনুবাদ সার্থক নয়?

চ) প্রুফ সংশোধন করো :

পাণ্ডুলিপি:

সেখানে অনেক পথ খুঁজে,

পৃথিবী রয়েছে চোখ বুজে

এলিয়ে হৃদয়।

শিয়রে শিমূল শুধু একা চুপ করে রয়।

প্রফ:

শেখানে আনেক পথ খুজে,

প্রিথিবি রয়েছে ছখ বুজে

এলাইয়ে হ্রিদয়।

শিয়রে শিমুল সুধু একা চুপ করেয়।

২) যে-কোনো তিনটি প্রশ্নের উত্তর দাও: ৩X১০=৩০

ক) নির্বিচারে গাছ কাটার ফলে পরিবেশের সমূহ ক্ষতি হচ্ছে- এই বিষয়ে সংবাদপত্রে প্রকাশের উপযোগী একটি প্রতিবেদন রচনা করো।

খ) কলেজে ভর্তির সময় তুমি যে যে বিষয় নিয়েছিলে তার মধ্যে একটি বিষয় পরিবর্তন করতে চেয়ে অধ্যক্ষ মহাশয়ের কাছে পত্র লেখো।

গ) বাংলায় অনুবাদ করো।

Nasiruddin was a celebrated Emperor of Delhi. He lived the life of quite a plain man.

His wife used to do household work with her own hands. One day she burnt her hand

while cooking. Then she requested the Emperor to engage a cook. Nasiruddin said,

“How shall I engage a cook? I am but a poor man. The wealth which I have with me

Belongs to my people. I myself may help you with your work, if you think it necessary.”

ঘ) প্রবন্ধ লেখো: বাংলা ঐতিহাসিক উপন্যাস

ঙ) প্রবন্ধ লেখো: নাট্যকার দীনবন্ধু মিত্র